



মাইক্রোবাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি

“ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ” শীর্ষক প্রকল্পের কাজে ব্যবহারের জন্য কার্যাদেশে উল্লেখিত তারিখ হতে মাসিক ভিত্তিতে একটি এসি মাইক্রোবাস ভাড়া করার লক্ষ্যে টেন্ডার সিডিউলে উল্লেখিত শর্তে প্রকৃত পরিবহন মালিক/রেন্ট-এ-কার ব্যবসায়ীদের নিকট হতে নিম্নস্ব প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১	মন্ত্রণালয়/বিভাগ	ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়
০২	প্রকল্পের নাম	ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ।
০৩	সেবা ক্রয়কারীর নাম ও ঠিকানা	প্রকল্প পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), ৯১ মতিঝিল বা/এ ঢাকা।
০৪	ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)।
০৫	অর্থের উৎস	সরকারি অনুমোদিত বাজেট।
০৬	গাড়ী ভাড়ার মেয়াদকাল	০১ (এক) বৎসর (চুক্তির তারিখ হতে) (সময় কম/বেশি হতে পারে)।
০৭	কার্যদিন ও প্রতিদিন চলাচল	২৬ (ছাশিশ) দিন। প্রতিদিন ১৪ ঘন্টা, সকাল ৭.০০ হতে রাত ৯.০০টা পর্যন্ত (প্রয়োজনে ডিউটি টাইম বেশি হতে পারে)।
০৮	দরদাতাদের যোগ্যতা	প্রকৃত পরিবহন মালিক/রেন্ট-এ-কার ব্যবসায়ী হতে হবে। গাড়ির মালিকানা সম্পর্কিত মূল দলিল অবশ্যই থাকতে হবে। হালনাগাদ গাড়ীর প্রয়োজনীয় কাগজপত্রাদি যেমন (রেজিস্ট্রেশন, ট্যাক্স টোকেন, ফিটনেস, বীমা এবং গাড়ি চালকের ড্রাইভিং লাইসেন্স, হালনাগাদ আয়কর সংক্রান্ত সনদ (টিআইএন), ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটসহ অন্যান্য কাগজপত্রাদি বা দলিলাদির সত্যায়িত ফটোকপি)।
০৯	দরপত্র সিডিউলের মূল্য	৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরৎযোগ্য)।
১০	টেন্ডার সিকিউরিটির টাকার পরিমাণ	দরদাতা কর্তৃক আর্নেস্টম্যান হিসেবে দরপত্রের সাথে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র (“প্রকল্প পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ”) বরাবরে যে কোন তফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার (ফেরৎযোগ্য) দাখিল করতে হবে।
১১	সিডিউল বিক্রয়ের স্থান, তারিখ ও সময়	জনাব মোঃ রিপন মিয়া, পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, এনপিও, এনপিও'র কার্যালয় (কক্ষ নং-২২৮) ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৪/১২/২০২১ পর্যন্ত প্রতিদিন সকাল ৯.৩০ হতে বিকাল ৪.৩০ টা পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে।
১২	দরপত্র দাখিলের স্থান	এনপিও'র কার্যালয় (কক্ষ নং ২৩২), ৯১, মতিঝিল বা/এ (২য় তলা), ঢাকা-১০০০।
১৩	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	১৫/১২/২০২১ সকাল ১১.০০ টায়।
১৪	দরপত্র খোলার তারিখ ও সময়	১৫/১২/২০২১, বেলা ১১.৩০ টায়।

দরপত্রের শর্তাবলিঃ

- (১) নূন্যতম ০৮ (আট) আসন বিশিষ্ট ০১ (এক) টি এসি মাইক্রোবাস এর বিবরণ: (১) তৈরি সনঃ ২০১৫ খ্রিঃ এর পূর্বে নয়, (২) রেজিস্ট্রেশন-২০১৯ এর পূর্বে নয় (৩) ইঞ্জিন ক্যাপাসিটি: ১৮০০ সিসি এর নিম্নে নয়, (৪) জ্বালানী: এলপিগি/সিএনজি/অকটেন।
- (২) দরপত্রে অংশগ্রহনকারী আগ্রহ ব্যক্তি/প্রতিষ্ঠানকে “প্রকল্প পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ” বরাবরে সীলমোহরকৃত খামে তাদের নিম্নস্ব প্যাডে লিখিতভাবে আবেদন করতে হবে। আবেদনের সাথে উপরে “দরদাতাদের যোগ্যতা” এর বিপরীতে উল্লেখিত সকল কাগজপত্রাদি/দলিলাদির ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অবশ্যই দাখিল করতে হবে।
- (৩) মাইক্রোবাসের জন্য প্রস্তাবিত দর হিসেবে দৈনিক ভাড়ার হার এবং মাসিক ভাড়া সুস্পষ্ট (অংকে ও কথায়) উল্লেখ করতে হবে (জ্বালানী ও সকল প্রকার খরচসহ)।
- (৪) সীলমোহরকৃত খামের উপর দরদাতার নাম ও ঠিকানা, টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে।
- (৫) দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা এবং অভার রাইটিং করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং কোনরূপ শর্ত আরোপ করা যাবে না।
- (৬) মাইক্রোবাসটি ঢাকাসহ যে কোন জেলায় (প্রয়োজনে) চলাচল করবে। সাপ্তাহিক বন্ধের দিন সরকারি প্রয়োজনে গাড়ি সরবারহ করতে হবে। এ জন্য মাসিক ভাড়ার অতিরিক্ত ভাড়া দাবি করা যাবে না অথবা ঐ দিনের ভাড়া মাসিক ভাড়ার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।
- (৭) মাইক্রোবাস সরবারহকারী যান্ত্রিক ত্রুটির কারণে গাড়ি চলাচলে বিঘ্ন ঘটলে কিংবা গাড়ি চালক অসুস্থ থাকলে গাড়ি চালক/বিকল্প গাড়ীর ব্যবস্থা করতে হবে।
- (৮) মাইক্রোবাসের মালিকানা, চালকের ড্রাইভিং লাইসেন্স ও কোন প্রকার দুর্ঘটনা সংক্রান্ত সহ যে কোন ধরনের আইনগত জটিলতার দায়ভার মাইক্রোবাস প্রদানকারী প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।
- (৯) সরকারি বিধান অনুযায়ী প্রযোজ্য মূল্য সংযোজন কর (ভ্যাট), অগ্রিম আয়কর (এআইটি), ও প্রযোজ্য অন্যান্য কর প্রাপ্য বিল হতে কর্তন করা হবে।
- (১০) ভাড়াকৃত মাইক্রোবাস চুক্তিকালীন অন্যকোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট ভাড়া দেয়া যাবেনা।
- (১১) দরপত্র সম্পর্কিত সকল কার্যাদি The public procurement Act -2006 and The public procurement Rules-2008 অনুযায়ী পরিচালিত হবে।
- (১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন কিংবা বাতিল করার ক্ষমতা দরপত্র কমিটি সংরক্ষণ করেন।

(মুহাম্মদ আরিফুজ্জামান)

প্রকল্প পরিচালক

ফোনঃ +৮৮০২২৩৩৫৭৫০১